## সভা নং-৩১৩

## বটিয়াঘাটা উপজেলা পরিষদের নভেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আশরাফুল আলম খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ ঃ ১৬/১১/২০২১ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক .

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্হা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার সহ সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের নভেম্বর/২১ মাসের সভার কার্যক্রম শুরু করেন। তিনি সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ মমিনুর রহমান মহোদয়কে স্বাগত জানান। | অক্টেবর,২০২১ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়ীকরন করা হয়।<br>সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ মমিনুর রহমান মহোদয়কে সকল সদস্যবৃন্দের পক্ষ হতে স্বাগত জানানো হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ মমিনুর রহমান বলেন, তিনি গত ১২/০৯/২০২১ খ্রি. তারিখে বটিয়াঘাটা উপজেলায় যোগদান করেছেন। তিনি সকলের সহোযোগীতা কামনা করেন।<br>তিনি বলেন, বটিয়াঘাটা উপজেলার ৭টি ইউনিয়ন পরিষদ আছে। ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনের সামনে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য নাই। তিনি উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদের সামনে একটি করে ভাস্কর্য নির্মাণ করার জন্য সভায় প্রস্তাব করেন।<br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদ সভা কক্ষে প্রবেশের জন্য মাত্র একটি দরজা রয়েছে। ফলে সভা করার সময় সম্মানিত অতিথিবৃন্দের আগমনের সময় সভায় উপস্থিত সদস্যবৃন্দদের চেয়ারের পেছন দিয়ে তাদের বসার স্থানে আসতে হয়। বিষয়টি অত্যন্ত দৃষ্টিকটু। তিনি সম্মানিত অতিথিদের বসার স্থানের ডান দিক হতে একটি দরজা করার জন্য সভাকে অনুরোধ করেন। | উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ মমিনুর রহমান মহোদয়কে সকল সদস্যবৃন্দের পক্ষ হতে স্বাগত জানানো হয়।<br>প্রতিটি ইউনিয়ন পরিষদের সামনে ভাস্কর্য নির্মাণের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রাক্কলন তৈরি করে আগামী সভায় উপস্থাপন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদ সভা কক্ষে সম্মানিত অতিথিদের প্রবেশের জন্য তাদের বসার স্থানের ডান দিক হতে একটি দরজা করার জন্য উপজেলা প্রকৌশলী প্রাক্কলন তৈরি করে আগামী সভায় উপস্থাপন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্যবৃন্দ |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় উপজেলা প্রশাসনের সাথে উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল কর্মকর্তা কর্মচারী অক্লান্ত পরিশ্রম করে চলেছে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। তিনি বলেন, টিকা নিলেও তাকে স্বাস্থ্যবিধি মেনে চলতে চলতে হবে। তিনি বলেন ডাক্তার ও নার্স স্বল্পতা নিয়েও রুগীদের চাহিদামত সেবা দিয়ে যাচ্ছেন। তিনি বলেন, উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদের অর্থায়নে ১০ শয্যা বিশিষ্ট একটি সুসজ্জিত করোনা ওয়ার্ড তৈরি করে দেওয়ার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জানান। গত ৪র্থ জুলাই থেকে সেখানে করোনা রোগী ভর্তি করা হচ্ছে। এ পর্যন্ত ভর্তি হয়ে সেবা নিয়েছে ১৮জন। ৫জন রোগীকে রিপার করা হয়েছে এবং ১০০ জনকে সেবা দেওয়া হয়েছে। এ পর্যন্ত ২০২১ জনের করোনা টেষ্ট করে ৫০৫ জনের পজেটিভ পাওয়া গিয়েছে। বর্তমানের ৭টি ইউনিয়নে ১১৯জন আইস্লোশনে আছে। টিকা দেওয়ার কার্যক্রম সুন্দরভাবে চলছে,এ বিষয়ে আরো সহযোগীতা করার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন। তিনি আরো বলেন, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক, স্বাস্থ্য খাতে ১৫% অর্থ বরাদ্দ রাখতে হবে। তিনি নির্দেশিকা মোতাবেক অর্থ বরাদ্দের জন্য সভাকে অনুরোধ করেন। তিনি তার দপ্তরের জন্য একটি ফটোকপি মেশিন সরবারহের জন্য সভাকে অনুরোধ করেন। এ বিষয়ে সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, উপজেলা স্বাস্থ্য দপ্তরে প্রতি অর্থ বছরে কোন কোন খাতে কত টাকা বরাদ্দ আসে এবং কত টাকা খরচ হয় এ বিষয়ে সভাকে অবহিত করলে স্বাস্থ্য দপ্তরে কি চাহিদা রয়েছে সে মোতাবেক অর্থ বরাদ্দ করা যেতে পারে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>প্রয়োজনে কেউ বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়।<br>উপজেলা স্বাস্থ্য দপ্তরে প্রতি অর্থ বছরে কোন কোন খাতে কত টাকা বরাদ্দ আসে এবং কত টাকা খরচ হয় এ বিষয়ে সভাকে অবহিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, কৃষকদের জন্য শীতকালীন বীজ,সার ও কীটনাশক প্রনেদনা পাওয়া গিয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট প্রকৃত কৃষকদের তালিকা চাওয়া হয়ে। তালিকা পাওয়া গেলে দ্রুত বিতরন করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি বলেন, বিগত সেপ্টেম্বর/২০২১খ্রিঃ মাসের(৮২.৮৯%) তুলনায় অক্টোবর/২০২১খ্রিঃ মাসে(৮২.৯৯%) সেবা গ্রহীতার হার বৃদ্ধি পেয়েছে। এ অগ্রগতির হার প্রজেকশন অনুযায়ী সন্তোষজনক। পরিবার পরিকল্পনা বিভাগের কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। বটিয়াঘাটা উপজেলার বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ স্যাটেলাইট ক্লিনিকে সেবা প্রদানকারীদের দ্বারা বিগত অক্টোবর/২০২১ খ্রিঃ মাসে ৩০২ টি গর্ভকালীন সেবা, ১২০টি প্রসব পরবর্তী সেবা, ৯৭৭ টি শিশু স্বাস্থ্য সেবা ও ২৩৭৪টি সাধারণ রোগীর সেবা দেয়া হয়েছে। তাছাড়া অক্টোবর/২১খ্রিঃ মাসে ০-<৫ বছর বয়সী ০২ জন শিশুর বিভিন্ন জটিলতায় মৃত্যু হয়েছে এবং কোন মাতৃ মৃত্যু নেই। বটিয়াঘাটা উপজেলার ২৪/৭ ইউনিয়ন স্বাস্থ্য | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: পঃপঃ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে তিনটি। এর মধ্যে বালিয়াডাঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র প্রতিমাসে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়ে থাকে। কিন্তু বালিয়াডাঙ্গায় কোন আয়া কর্মরত না থাকায় কার্যক্রম পরিচালনায় সমস্যার সৃষ্টি হচ্ছে। সভায় আরও জানানো হয় যে, আগামী ১৮- ২৩ ডিসেম্বর, ২০২১খ্রিঃ পর্যন্ত দেশব্যাপী পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ অনুষ্ঠিত হবে। সেবা সপ্তাহ সফল করার জন্য সকলের সহযোগীতা কামনা করেন। সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে অক্টোবর/২০২১ মাসে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প সুরখালী ইউনিয়নে ২৪/১১/২০২১খ্রিঃ তারিখ, বালিয়াডাঙ্গা ইউনিয়নে ২৮/১১/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হবে। | | |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিঃউপঃ মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি অনুসরণ করে স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তার ফকিরহাট উপজেলায় বদলী হয়েছে। আজই তার শেষ কর্ম দিবস। দীর্ঘদিন বটিয়াঘাটায় কর্মজীবনে চলার পথে কারো মনে কষ্ট দিয়ে থাকলে তিনি ক্ষমা প্রার্থনা করেন। সভার সভাপতি মহোদয় বলেন, বটিয়াঘাটায় চাকুরী জীবনে আমাদের কারো কথায় কষ্ট পেয়ে থাকলে ক্ষমার সুন্দর দৃষ্টিতে দেখবেন এবং তার ভবিষ্যৎ কর্মময় জীবন আরো সুন্দর হোক সেই কামনা করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, বয়স্ক ভাতা ১০০ ভাগ ভাতায় আওতায় চলে এসেছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, ইউনিয়ন পরিষদে গিয়ে পুরাতন মাতৃত্ব ভাতাভোগীদের ভাতা প্রদান করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে।<br><br>ক। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থায়নে বটিয়াঘাটা উপজেলা | ক।বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ প্রকল্প বাছাই কমিটি কর্তৃক ২০২১-২২ অর্থবৎসরে | উপজেলা প্রকৌশলী। সভাপতি, প্রকল্প কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | পরিষদের আওতায় বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ প্রকল্প বাছাই কমিটি কর্তৃক প্রস্তাবিত স্কীম,বরাদ্দ ও বাস্তবায়ন প্রক্রিয়া অনুমোদনের জন্য উপজেলা পরিষদ বরাবরে সুপারিশ করা হয়েছে। তিনি সুপারিশকৃত স্কীম,বরাদ্দ ও বাস্তবায়ন পদ্ধতি সভায় পাঠ করে শোনান এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের আহবান জানান।<br><br>খ। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, সময় ও অর্থ সাশ্রয়ের কথা বিবেচনায় রেখে ২০২১-২২ অর্থবৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থায়নে বটিয়াঘাটা উপজেলা পরিষদের আওতায় টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের জন্য গৃহিত ১২ টি প্রকল্পের সমন্বয়ে ০৩(তিন) টি প্যাকেজ গঠণ করা হয়েছে। ইতোমধ্যে প্যাকেজভূক্ত স্কীমের প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। তিনি সভায় প্যাকেজওয়ারী প্রাক্কলন উপস্থাপন করে গঠিত প্যাকেজের বিষয়ে সবিস্তারে বর্ণনা করেন। অতঃপর তিনি প্রণীত প্রাক্কলন,গঠিত প্যাকেজ অনুমোদন ও দরপত্র আহবান প্রক্রিয়া নির্ধারণ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের আহবান জানান ।<br><br>তিনি বলেন, ২০-২১ অর্থ বছরে উন্নয়ন ও এডিবি তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>গ। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, ২০২০-২১ অর্থবৎসরে জাইকা সহায়তাপুষ্ট উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন বি.এল.জে মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষ ও বারান্দা সংস্কার কাজের অনুমোদিত প্রাক্কলনে ছাদে Roof top concrete screeding এবং ফ্লোরে Patent stone flooring দফার কাজ অন্তর্ভূক্ত ছিল কিন্তু জানালায় থাইসহ গ্রীল স্থাপন কাজ অন্তর্ভূক্ত ছিল না। বর্তমান বাস্তবতায় ছাদে Roof top concrete screeding এবং ফ্লোরে Patent stone flooring দফার কাজের পরিবর্তে জানালায় থাইসহ গ্রীল স্থাপন করা জরুরী। তিনি আরো জানান যে,বর্তমান বাস্তবতায় অপরিহার্য দফার কাজ বাস্তবায়নকল্পে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত আবশ্যক।<br><br>তিনি আরো বলেন, ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ৩নং গঙ্গারামপুর ইউনিয়নে বয়ারভাঙ্গা পিচের রাস্তা হতে কালিদাসের বাড়ি অভিমুখি রাস্তা আরসিসি একটি প্রকল্প সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে প্রকল্প সভাপতি করে বাস্তবায়ন কমিটি করা হয়েছিলো। কিন্তু তিনি কাজটি বাস্তবায়ন করেনি এবং ইউপি নির্বাচনে তিনি পরাজিত হয়েছেন। ফলে কাজটি বাস্তবায়নের নিমিত্তে প্রকল্প কমিটি পরিবর্তন করা প্রয়োজন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থায়নে বটিয়াঘাটা উপজেলা পরিষদের আওতায় বাস্তবায়নের জন্য সুপরিশকৃত স্কীম,বরাদ্দ ও বাস্তবায়ন প্রক্রিয়া (পরিশিষ্ট-গ) অনুমোদন করা হলো। উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ। বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থবৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থায়নে বটিয়াঘাটা উপজেলা পরিষদের আওতায় দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য গৃহিত ১২ টি প্রকল্পের প্রাক্কললন ও ১২ টি প্রকল্পের সমন্বয়ে গঠিত ০৩টি প্যাকেজ (পরিশিষ্ট-ঘ) অনুমোদন করা হলো এবং e-GP(LTM) পদ্ধতিতে দরপত্র আহবানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>গ। চূক্তিমূল্যের মধ্যে সীমাবদ্ধ থেকে ছাদে Roof top concrete screeding এবং ফ্লোরে Patent stone flooring দফার কাজের পরিবর্তে জানালায় থাইসহ গ্রীল স্থাপন দফার কাজ অন্তর্ভূক্ত করে সংশোধিত প্রাক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহিত হলো। উপজেলা প্রকৌশলী এতদ্বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ঘ। সভায় আলোচনাঅন্তে ২০২০-২১ অর্থবছরের কমিটি সমূহ অনুমোদন করা হয়। পরিশিষ্ঠ-খ<br>ঙ।৩নং গঙ্গারামপুর ইউনিয়নে বয়ারভাঙ্গা পিচের রাস্তা হতে কালিদাশের বাড়ি অভিমুখি রাস্তা আরসিসি রাস্তা বাস্তবায়নের কাজের কমিটি পরিবর্তন করা হয় এবং অনুমোদন করা হয়। কমিটি পরশিষ্ঠ-খ | |
| ১৪. | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য | উপ: সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, উন্নত জাতের গাভী পালনের জন্য মহিলাদের ২টি সমিতি করে দেওয়া হয়েছে। তারা গাভী পালন করছেন। এবিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় ২টি সমিতির মহিলাদের নামের তালিকা দেওয়ায় জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করেন। তালিকা মোতাবেক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন করবেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স: কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | সহ:উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | চেয়ারম্যান, ১নং ইউপি বলেন, তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ১নং ইউপি। |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান,২নং বটিয়াঘাটা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার ইউনিয়নে জন্ম নিবন্ধন নিয়ে সমস্যা হচ্ছিলো বর্তমানে অনেকটা স্বাভাবিক হয়েছে। তিনি আরো বলেন, ১১নভেম্বর ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি পরাজিত হয়েছেন। দীর্ঘদিন একসাথে কাজ করেছেন। তার কথায় বা কাজে কেউ কষ্ট পেয়ে থাকলে ক্ষমা প্রার্থনা করেন। এ বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন, আমাদের কারো কথায় বা কাজের কষ্ট পেয়ে থাকলে নিজগুনে ক্ষমা করে দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি ২নং ইউপি চেয়ারম্যানকে নিয়মিত উপজেলা পরিষদে আসার জন্য অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়।<br>উপস্থিত সকল সদস্যবৃন্দদের পক্ষ হতে ২নং ইউপি চেয়ারম্যান সাহেবের সুস্থাস্থ্য ও দীর্ঘআয়ু কামনা করা হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি জনাব আসলাম হালদার বলেন, তিনি নির্বাচিত হওয়ার পর সপথ গ্রহণ ও ইউনিয়ন পরিষদের প্রথম | ৩নং গঙ্গারামপুর ইউনিয়নের নব নির্বাচিত চেয়ারম্যান | চেয়ারম্যান ৩নং ইউপি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভা করার পর এটাই তার উপজেলা পরিষদের তার প্রথম সভা। তিনি সকলের সঙ্গে একসাথে মিলেমিসে কাজ করার আশা ব্যক্ত করেন। তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | জনাব আসলাম হালদারকে উপস্থিত সকল সদস্যদের পক্ষ হতে স্বাগত জানানো হয়। কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং ইউপি বলেন তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | ৫নং ভান্ডারকোট ইউ.পি চেয়ারম্যানের সভায় জানান যে, তার ইউনিয়রের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, ১১নভেম্বর ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি পরাজিত হয়েছেন। দীর্ঘদিন একসাথে কাজ করেছেন। তার কথায় বা কাজে কেউ কষ্ট পেয়ে থাকলে ক্ষমা প্রার্থনা করেন। এ বিষয়ে সভার সভাপতি মহোদয় বলেন, আমাদের কারো কথায় বা কাজের কষ্ট পেয়ে থাকলে নিজগুনে ক্ষমা করে দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি ৫নং ইউপি চেয়ারম্যানকে নিয়মিত উপজেলা পরিষদে আসার জন্য অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। উপস্থিত সকল সদস্যবৃন্দদের পক্ষ হতে ৫নং ইউপি চেয়ারম্যান সাহেবের সুস্থাস্থ্য ও দীর্ঘআয়ু কামনা করা হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি জনাব শেখ মোঃ আসাবুর রহমান বলেন, তিনি নির্বাচিত হওয়ার পর সপথ গ্রহণ ও ইউনিয়ন পরিষদের প্রথম সভা করার পর এটাই তার উপজেলা পরিষদের তার প্রথম সভা। তিনি সকলের সঙ্গে একসাথে মিলেমিসে কাজ করার আশা ব্যক্ত করেন। তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | ৬নং ভান্ডারকোট ইউনিয়নের নব নির্বাচিত চেয়ারম্যান জনাব শেখ মোঃ আসাবুর রহমানকে উপস্থিত সকল সদস্যদের পক্ষ হতে স্বাগত জানানো হয়। কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৫ | চেয়ারম্যান, ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি আরো বলেন, তার ইউনিয়নে জন্ম নিবন্ধন নিয়ে একটা নীতিমালা আসছে ০-৫বছর পর্যন্ত টিকা কার্ড দেখে জন্মনিবন্ধন দেওয়া যাবে। ততউর্দ্ধদের ক্ষেত্রে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার প্রত্যয়ন দিতে হবে। এ ক্ষেত্রে দ্রুত প্রত্যয়ন দিলে জনগনকে যথা সময়ে সেবা দেওয়া সহজ হবে। জনগন যাতে দ্রুত প্রত্যয়ন পায় তার ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৬ | বিউটি মন্ডল,সংরক্ষিত সদস্য উ:প: | বিউটি মন্ডল, সংরক্ষিত সদস্য উ:প: বলেন, কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সংরক্ষিত সদস: |
| ২৮ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান বলেন, তিনি নিজে, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান মহোদয়কে সরকারি বিভিন্ন সভায় যোগদানের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরসহ জেলা অফিসে যেতে হয়। এছাড়া বর্তমান করোনা পরিস্থিতিকে জনসাধারনকে সচেতন করার | সভায় আলোচনান্তে প্রস্তাবিত ভ্রমণ বিবরনী ও বিলের টাকা অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে গমন করতে হয়। এ জন্য সরকার নির্ধারিত ভ্রমণ ভাতা রয়েছে, তিনি চেয়ারম্যান মহোদয়ের,তার এবং মহিলা ভাইস চেয়ারম্যানের অক্টোবর,২১ মাসে চেয়ারম্যান মহোদয়ের-১০,৮০০/-,ভাইস চেয়ারম্যানের-৭,৬৫০/-,মহিলা ভাইস চেয়ারম্যানগণের-৭,৭০০/- টাকা ভ্রমণ বিল রাজস্ব তহবিল হতে টাকা এবং নভেম্বর, ২১ মাসের সম্ভব্য ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | | |
| ২৯ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে প্রথম পর্যায়ে আমরা যেমন সচেতন ছিলাম এখন দ্বিতীয় পর্যায় শুরু হয়েছে এখনও তেমন সচেতন থাকতে হবে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। | করোনা ভাইরাস প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সংশ্লিষ্ট কমিটি। |
| ৩০ | সভাপতি | সভার সভাপতি মহোদয় বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের পক্ষ থেকে জনসাধারনকে স্বাস্থবিধি মেনে চলার পরামর্শ দেওয়া হচ্ছে। বাইরে গেলে অবশ্যই প্রত্যেকে মাস্ক ব্যবহার করার জন্য তিনি পরামর্শ দেন। | করোনা ভাইরাস প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সকল সদস্য |
| ৩১ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধির কুফল সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এবং এর কুফল সম্পর্কে ও সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ সভায় আলোচ্যসূচী রাখাসহ সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবার সময় বয়ান করার ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ করেন। তিনি পাবলিক প্লেসে ধুমপান ও রাস্তায় ইট, বালি ও অন্যান্য কিছু না রাখার জন্য এবং খাল ও নদীতে অবৈধ বাঁধ,পাটা না রাখার জন্য সকলকে সচেতন করতে সদস্যদের অনুরোধ করেন। | সকল ইউ,পি চেয়ারম্যান জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধির কুফল সম্পর্কে এবং সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান সকল ইউপি ও সকল সদস্য। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

(স্বাক্ষর) ১৮।১১।২১

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২০- ৭৮৪ তারিখ ঃ ১৭/১১/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। জনাব পঞ্চানন বিশ্বাস, এম.পি, মাননীয় হুইপ, মহান জাতীয় সংসদ।
২। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, খুলনা ।
৪। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা উপজেলা পরিষদ, খুলনা ।
৬। উপজেলা.....................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা ।
৭। চেয়ারম্যান,.............................. ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা ।


(মোঃ মমিনুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা ।
**টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১**
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd


<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক</u>

১. জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
২. জনাব চঞ্চলা মন্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
৩. জনাব শেখ মোঃ আশিকুজ্জামান, চেয়ারম্যান ,১নং জলমা, ইউ.পি।
৪. জনাব মনোরঞ্জন মন্ডল, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৫. জনাব আসলাম হালদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৬. জনাব আ : হাদি, চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি।
৭. জনাব ইসমাইল হোসেন মোল্যা বাবু, চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট, ইউ.পি।
৮. জনাব শেখ মোঃ আসাবুর রহমান, চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৯. জনাব জি.এম মিলন, চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউনিয়ন।
১০. জনাব বিউটি মন্ডল, সংরক্ষিত উপজেলা পরিষদ সদস্য।
১১. জনাব ডা : মো : মিজানুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা।
১২. জনাব বঙ্কিম হালদার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
১৩. জানাব মনিরুল মামুন,সি:উপজেলা সৎস্য কর্মকর্তা
১৪. জনাব মো : রবিউল ইসলাম, উপজেলা কৃষি অফিসার।
১৫. জনাব মোনায়েম খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ।
১৬. জনাব সেলিনা খাতুন, উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১৭. জনাব রফিকুল ইসলাম, সহ :উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৮. জনাব জিএম আলমগীর হোসেন, উপজেলা শিক্ষা অফিসার।
১৯. জনাব প্রসেনজিৎ চক্রবর্তি, উপজেলা প্রকৌশলী।
২০. জনাব এমদাদুল হক, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ।
২১. জনাব হাসি রানী রায়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
২২. জনাব মোঃ শফিউর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
২৩. জনাব অমিত সমাদ্দার, সমাজসেবা কর্মকর্তা।
২৪. জনাব মোস্তফা কামাল, উপজেলা সমবায় কর্মকর্তা।
২৫. জনাব হাসিবুর রহমান উপ ;সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২৬. জনাব নারায়ন চন্দ্র মন্ডল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।

সভা নং- ৩৭৩

উপজেলা পরিষদের নভেম্বর/২১ মাসের সভা কার্যবিবরণী

সভাপতি: মোঃ আশরাফুল আলম খান, চেয়ারম্যান, উপঃ পরিষদ বটিয়াঘাটা, খুলনা। তারিখঃ- ১৬/১১/২০২১খ্রিঃ বেলা:- ১০.৩০মিঃ

সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী স্বাক্ষর

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আশরাফুল আলম খান | চেয়ারম্যান উপঃ পরিঃ বটিঃ | |
| ২ | " মোঃ মমিনুর রহমান | উপজেলা নির্বাহী অফিসার | |
| ৩ | " নিতাই গাইন | উঃ ভাইস চেয়ারম্যান | |
| ৪ | " চবিতলা মন্ডল | উঃ মহিলা ভাইস চেঃ | |
| ৫ | " শেখ মোঃ আশিকুজ্জামান | চেয়ারম্যান, ১নং জলমা ইউপি | |
| ৬ | " মনোরঞ্জন মন্ডল | চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা ইউপি | |
| ৭ | " মোঃ আসলাম হাওলাদার | চেয়ারম্যান, ৩নং গঙ্গারামপুর ইউপি | |
| ৮ | " মোঃ আব্দুল হালিম সরদার | চেয়ারম্যান, ৪নং সুরখালী, ইউপি | |
| ৯ | " মোঃ ইসমাইল হোসেন সেলিম | চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট ইউপি | |
| ১০ | " শেখ মোঃ আসাদুর রহমান | চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি | |
| ১১ | " বি এম মিলন | চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি | |
| ১২ | " বিউটি মন্ডল | উপজেলা পরিষদ সদস্য | |
| ১৩ | " ডাঃ মোঃ মিজানুর রহমান | উঃ স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | |
| ১৪ | " সেলিনা খাতুন | উঃ পরিবার পরিঃ কর্মকর্তা | |
| ১৫ | " রবিউল ইসলাম | উঃ কৃষি অফিসার | |
| ১৬ | " মোঃ মনিরুল মামুন | সিনিঃ মৎস্য কর্মকর্তা | |
| ১৭ | " ডাঃ বঙ্কিম কুমার হালদার | উঃ প্রাণি সম্পদ কর্মকর্তা | |
| ১৮ | " এমদাদুল হক | উঃ প্রকল্প বাস্তঃ কর্মকর্তা | |
| ১৯ | " অমিত সমাদ্দার | উঃ সমাজসেবা অফিসার | |
| ২০ | " জি এম আলমগীর কবির | উঃ শিক্ষা অফিসার | |
| ২১ | " হাসি রানী রায় | উঃ মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ২২ | " মোনায়েম খান | উঃ যুব উন্নয়ন কর্মকর্তা | |
| ২৩ | " প্রসেনজিৎ চক্রবর্তী | উঃ প্রকৌঃ | |
| ২৪ | " মোঃ হাসিবুর রহমান | উঃ সহঃ জন স্বাস্থ্য প্রকৌঃ | |
| ২৫ | " মোঃ মোস্তফা কামাল | উঃ সমবায় অফিসার | |
| ২৬ | " মোঃ শফিউর রহমান | সাবরেজিঃ | |
| ২৭ | " মোঃ রফিকুল ইসলাম | উঃ পল্লী উন্নয়ন | |